

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৪৪.২০১৩-১০৫

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: “সিটি গভারন্যান্স প্রজেক্ট (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।


সূত্র: এলজিইডি’র স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৭.০২.০০৭.১৮.৫৮২০; তারিখ: ২৪/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সিটি গভারন্যান্স প্রজেক্ট” শীর্ষক প্রকল্পটি মোট ২৯৪৩.০০ কোটি (দুই হাজার নয়শত তেতাল্লিশ কোটি) (জিওবি ৫৪৫.৩১ কোটি এবং প্রকল্প সাহায্য ২৩৯৭.৬৯ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৫/০৭/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ২৯০৪.৫৫ কোটি (দুই হাজার নয়শত চার কোটি পঞ্চাশ লক্ষ) (জিওবি ৫৪৩.৮৮ কোটি এবং প্রকল্প সাহায্য ২৩৬০.৬৭ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ০৩/০৯/২০১৯ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭৪.৩২% এবং আর্থিক অগ্রগতি ২০৮৫.৭৪ কোটি টাকা (৭২%)।

২। বাস্তবায়ন পর্যায়ে করোনা ভাইরাসের কারণে গত মার্চ ২০২০ হতে অনেক নির্মাণ শ্রমিক তাদের নিজ এলাকায় চলে যায়, ফলে ঠিকাদারগণ নির্মাণ কাজে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক নিয়োগ করতে পারেনি, এতে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম মন্থর হয়েছে। এছাড়া কোন কোন ক্ষেত্রে নির্মাণ সাইটের অবস্থা, বর্তমান চাহিদা ইত্যাদি বিবেচনায় ডিজাইন, ড্রইং ও প্রাক্কলনের কিছু পরিবর্তন আবশ্যিক হওয়ায় বিভিন্ন উপ-প্রকল্পের মধ্যে Reallocation এর প্রয়োজনীয়তা ইত্যাদি কারণে প্রকল্পটির ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধিসহ ২য় সংশোধন প্রয়োজন। এ বিষয়ে গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় প্রকল্পটি সংশোধনের সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)। উল্লেখ্য যে, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনের বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি রয়েছে (সংযুক্তি-২)।

৩। এমতাবস্থায়, মোট ২৯০৪.৫৫ কোটি (দুই হাজার নয়শত চার কোটি পঞ্চাশ লক্ষ) (জিওবি ৫৪৩.৮৮ কোটি এবং প্রকল্প সাহায্য ২৩৬০.৬৭ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত “সিটি গভারন্যান্স প্রজেক্ট (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রকল্পের আরডিপিপি ১৫ (পনের) কপি।



(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

সদস্য

ভৌত অবকাঠামো বিভাগ

পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।